

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২২.২২.৩০৫


তারিখ: ৩০ জুলাই, ২৪

বিষয়: ব্যাখ্যা তলব।

সূত্র: নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২২.২২.১১০০ তারিখ: ০৯ জুন, ২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনি জনাব নবীরুজ্জামান, মাঠ সংগঠক (সাময়িক বরখাস্ত) ইরেসপো, পিরোজপুর জেলা দপ্তর (সংযুক্ত), পিরোজপুর জেলার কাউখালী উপজেলায় কর্মকালে সমিতি গঠন, সদস্য অন্তর্ভুক্তি, সঞ্চয় জমা, ঋণ বিতরণ ও ঋণ আদায়সহ আপনার উপর অর্পিত সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা মোতাবেক অর্জন করতে চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছেন। উপজেলা ও প্রকল্প সদর দপ্তর থেকে লক্ষ্যমাত্রা মোতাবেক দায়িত্ব পালনের জন্যে আপনাকে বারবার মৌখিক ও লিখিত তাগাদা দেয়ার পরও আপনি কর্তৃপক্ষের বৈধ নির্দেশনা অমান্য করে খেয়াল খুশিমত কাজ করেছেন। এছাড়া কাউখালী, পিরোজপুর উপজেলায় কর্মকালে আপনি ১১টি সমিতি হতে ঋণ ও সঞ্চয় বাবদ মোট ২,৬৬,৬৫০.০০ (দুই লক্ষ ছিষটি হাজার ছয়শত পঞ্চাশ) টাকা উত্তোলন করে যথা নিয়মে ব্যাংকে জমা না করে আত্মসাত করেছেন। উল্লেখিত কারণে আপনাকে সূত্রোক্ত স্মারকে সাময়িকভাবে বরখাস্ত করে পিরোজপুর জেলা দপ্তরে সংযুক্ত করা হলেও অদ্যাবধি সংযুক্ত কর্মস্থলে যোগদান করেননি।

এমতাবস্থায়, কেন আপনাকে অর্থ আত্মসাত, অর্পিত দায়িত্ব পালনে অদক্ষতা, উদাসীনতা, সংযুক্ত কর্মস্থলে যোগদান না করা ও কর্তৃপক্ষের বৈধ নির্দেশ পালনে ব্যর্থতার জন্য ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর অনুচ্ছেদ ২৪ এর (ক), (খ), (গ) ও (জ) অনুযায়ী দোষী সাব্যস্ত করে অনুচ্ছেদ ২৫(খ) অনুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করা হবে না এবং কেন আত্মসাতকৃত সরকারী অর্থ আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২৪১০১০৩৪১

ইমেইল: pdiresppw@gmail.com

জনাব নবীরুজ্জামান
মাঠ সংগঠক, ইরেসপো,
বিআরডিবি, কাউখালী, পিরোজপুর

স্থায়ী ঠিকানা: গ্রাম-জগন্নাথপুর, ডাক- শেখহাটি, উপজেলা-সদর, জেলা-সিলেট

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পিরোজপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, কাউখালী, পিরোজপুর।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।